গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নং-৩৭.০২.০০০০.১০১.৯৯.০১১.২৩.৪৩৯৫/৯ তারিখ: ০৩/০৯/২০২৫ খ্রি.

বিষয়: বিশ্ব শিক্ষক দিবস-২০২৫ (৫ই অক্টোবর) উদযাপন উপলক্ষে শিক্ষা মন্ত্রণালয়ের আওতাধীন মাধ্যমিক ও কলেজ/কারিগরি/মাদ্রাসা পর্যায়ে 'গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়া-২০২৫' (মাউশি অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত) ও 'বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নীতিমালা ২০২৫' প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, বিশ্ব শিক্ষক দিবস-২০২৫ (৫ই অক্টোবর) উদযাপন উপলক্ষে মাধ্যমিক ও কলেজ/কারিগরি/মাদ্রাসা পর্যায়ে গুণী শিক্ষক বাছাইয়ের ক্ষেত্রে 'গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়া-২০২৫' ও 'বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নীতিমালা ২০২৫' এতদসঙ্গে প্রেরণ করা হলো। উক্ত 'গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়া-২০২৫' যথাযথভাবে অনুসরণ করে গুণী শিক্ষক নির্বাচনপূর্বক আগামী ১৪ সেপ্টেম্বর ২০২৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অধিদপ্তরে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: (১) 'গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়া-২০২৫' (মাউশি অধিদপ্তর/কারিগরি শিক্ষা অধিদপ্তর/মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর কর্তৃক সরবরাহকৃত)।
(২) 'বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নীতিমালা ২০২৫'।

০৩/০৯/২৫

(মোঃ খালিদ হোসেন)
সহকারী পরিচালক (সাধারণ প্রশাসন)
ফোন : ০২-২২৩৩৫০০৬৮

বিতরণ: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)/এইচএসটিটিআই (সকল);
০২. উপপরিচালক (কলেজ/মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা (সকল অঞ্চল)।

অনুলিপি: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
০২. অধ্যক্ষ, সরকারি কলেজ/বেসরকারি কলেজ/টিচার্স ট্রেনিং কলেজ/কারিগরি কলেজ/মাদ্রাসা (সকল);
০৩. উপপরিচালক (সাধারণ প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
০৫. জেলা শিক্ষা অফিসার (সকল);
০৬. প্রধান শিক্ষক/সুপার, সরকারি/বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়/কারিগরি স্কুল/মাদ্রাসা (সকল);
০৭. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল);
০৮. মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা;
০৯. সংরক্ষণ নথি।

# মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
# গুণী শিক্ষক নির্বাচন প্রক্রিয়া-২০২৫

**সাধারণ তথ্য** (নির্দেশনা অনুযায়ী ফরম পূরণ করুন)

| | |
|---|---|
| নাম | |
| পদবি ও বিষয় | |
| প্রতিষ্ঠানের নাম ও ঠিকানা | |
| প্রতিষ্ঠানের ধরন (সরকারি/এমপিওভুক্ত) | |
| আইডি/ইনডেক্স নম্বর | |

## বিষয়ভিত্তিক মূল্যায়ন (৮০)

**শিক্ষাগত যোগ্যতা (বিভাগ/শ্রেণি/জিপিএ)- ২৫**

| **এসএসসি** | **নম্বর** | |
|---|---|---|
| ১ম বিভাগ | **৫** | |
| ২য় বিভাগ | **৪** | |
| ৩য় বিভাগ | **২** | |
| **এইচএসসি** | | |
| ১ম বিভাগ | **৫** | |
| ২য় বিভাগ | **৪** | |
| ৩য় বিভাগ | **২** | |
| **স্নাতক** | | |
| ১ম শ্রেণি | **৫** | |
| ২য় শ্রেণি | **৪** | |
| ৩য় শ্রেণি | **২** | |
| **স্নাতকোত্তর** | | |
| ১ম শ্রেণি | **৫** | |
| ২য় শ্রেণি | **৪** | |
| ৩য় শ্রেণি | **২** | |
| **পিএইচডি/ এমফিল** | | |
| পিএইচডি | **৪** | |
| এমফিল | **২** | |
| **বিএড/এমএড** | **১** | |

**সংশ্লিষ্ট কমিটি প্রতিষ্ঠান প্রধানের (প্রতিষ্ঠান প্রধানের ক্ষেত্রে আঞ্চলিক পরিচালকগণের) সাথে সমন্বয় করে নিচের অংশটি মূল্যায়ন করবেন)**-(২৫)

| | | |
|---|---|---|
| নৈতিকতা- | ৭ | |
| ক্লাস পারফরমেন্স- | ৬ | |
| সময় ব্যবস্থাপনা- | ৬ | |
| শিক্ষার্থীদের নিকট গ্রহণযোগ্যতা- | ৬ | |

**শিক্ষাক্ষেত্রে অবদান- (৩০)**

| | | |
|---|---|---|
| (i) টেক্সবুক লেখা | ৭ | |
| (ii) দেশি জার্নালে প্রবন্ধ প্রকাশ | ৭ | |
| (iii) বিদেশী জার্নালে প্রবন্ধ প্রকাশ | ৭ | |
| (iv) রাষ্ট্রীয় স্বীকৃতিপ্রাপ্ত পদক/ সম্মাননা | ৫ | |
| (v) জাতীয় দৈনিকে শিক্ষা সম্পর্কিত/সমাজ সচেতনতামূলক লেখা | ৪ | |

## উদ্দেশ্যমূলক মূল্যায়ন (২০)

| | | |
|---|---|---|
| **সমাজ সংস্কারে বিশেষ অবদান:** শিক্ষা প্রতিষ্ঠান/মসজিদ/মাদ্রাসা/ধর্মীয় প্রতিষ্ঠান নির্মাণে, কবরস্থান প্রতিষ্ঠা, বাল্যবিবাহ রোধ, যৌতুক প্রথা/ মাদকের বিরুদ্ধে সচেতনতা সৃষ্টি, ইভটিজিং এর বিরুদ্ধে বা অন্যান্য সমাজ সংস্কারমূলক বিষয়ে কার্যকর ব্যবস্থা গ্রহণ। | ১০ | গুরুত্ব অনুযায়ী নম্বর প্রদান |
| **সামাজিক সংগঠন/মানবিক সংস্থার সাথে যুক্ত:** বিএনসিসি/ রোভার স্কাউটস/ রক্তদান কর্মসূচিতে যোগদান। ক্ষতিগ্রস্থ/ভেঙ্গে যাওয়া বেড়িবাঁধ সংস্কারে অংশগ্রহণ করা/পরিবেশ সংরক্ষণে অবদান রাখা। শীত বস্ত্র বিতরণ/ ঘূর্ণিঝড়ে ক্ষতিগ্রস্থ/বন্যার্তদের মাঝে ত্রাণ বিতরণ/ প্রান্তিক জনগোষ্টির আর্থিক ও মানবিক সহযোগিতা। | ১০ | গুরুত্ব অনুযায়ী নম্বর প্রদান |

- নির্বাচিত শিক্ষক সর্বজন শ্রদ্ধেয় এবং শিক্ষার্থীবান্ধব কিনা? মতামত প্রদান করুন;
- নির্বাচিত শিক্ষক বিতর্কিত কিনা?
- নির্বাচিত শিক্ষক বিভাগীয় মামলা বা অন্যকোন মামলায় দন্ডিত হয়েছেন কিনা?

## কমিটি গঠনপূর্বক আঞ্চলিক পরিচালক ও আঞ্চলিক উপপরিচালকবৃন্দ কর্তৃক মূল্যায়ন

- গুণী শিক্ষক নির্বাচনের লক্ষ্যে উল্লিখিত ফর্মেটে মূল্যায়ন করে পরিচালকবৃন্দ ৯টি আঞ্চলিক কার্যালয় থেকে কলেজ পর্যায়ে ১ জন করে মোট ৯ জন এবং উপপরিচালক ৯টি অঞ্চল থেকে স্কুল পর্যায়ে ১ জন করে মোট ৯ জন স্কুল শিক্ষক সহ সর্বমোট ১৮ জন গুণী শিক্ষকের নাম মাউশি অধিদপ্তরে প্রেরণ করবেন।

## মাধ্যমিক ও কলেজ স্তরে গুণী শিক্ষক বাছাই- এর জন্য সার্চ কমিটি কর্তৃক মূল্যায়ন (২০)

- মহাপরিচালক মহোদয়ের নেতৃত্বে কোর কমিটি ১৮ জন শিক্ষক (স্কুল ও কলেজ পর্যায়ে ৯+৯) এর সাক্ষাৎকার ও অন্যান্য মূল্যায়নের ভিত্তিতে টপ ৩ জন করে ৬ জন (স্কুল-৩ ও কলেজ-৩) গুণী শিক্ষক নির্বাচন করে মন্ত্রণালয়ে প্রেরণ করবেন।

## জাতীয় স্টিয়ারিং কমিটি কর্তৃক মূল্যায়ন- (১০)

- নির্বাচিত ৩ জন করে ৬ জন গুণী শিক্ষকের মধ্য থেকে ২ জন গুণী শিক্ষক (স্কুল-১ ও কলেজ-১) নির্বাচন করে চূড়ান্তভাবে মনোনয়ন প্রদান করবেন।

**বি.দ্র:** প্রধান শিক্ষক/সহকারী প্রধান শিক্ষক এবং অধ্যক্ষ/উপাধ্যক্ষগণ আবেদন করতে পারবেন।

# কারিগরি শিক্ষা অধিদপ্তর

মাধ্যমিক (কারিগরি) ও কলেজ (কারিগরি) ক্যাটাগরিতে তিনজন গুণী শিক্ষক বাছাই মানদণ্ড:

| ক্রম. নং | মানদন্ড মোতাবকে প্রাপ্ত নম্বর | নম্বর |
|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা | ১০ |
| ২ | শিক্ষকতা/চাকরির অভিজ্ঞতা ও কো-কারকুলার বা এক্সট্রা-কারকুলার বাস্তবায়ন | ১০ |
| ৩ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন | ১০ |
| ৪ | শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা | ১০ |
| ৫ | পেশাগত/গবেষণামূলক/সৃজনশীল প্রকাশনা | ১০ |
| ৬ | শিক্ষার গুণগত মান ও পরিবেশ উন্নয়নে বাস্তবায়িত উদ্যোগ | ১০ |
| ৭ | শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় প্রযুক্তিগত জ্ঞানের প্রয়োগ | ১০ |
| ৮ | শিক্ষা প্রসারের ক্ষেত্রে ব্যক্তিগত অবদান | ১০ |
| ৯ | চাকরি জীবনে বিশেষ অর্জন ও স্বীকৃতি | ১০ |
| ১০ | অন্যান্য বিশেষ যোগ্যতা /দক্ষতা | ১০ |

# মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর

প্রাথমিক (এবতেদায়ী)/ মাধ্যমিক (দাখিল)/ কলেজ (আলিম/ফাজিল/কামিল) মাদ্রাসা স্তারের প্রতিটি ক্যাটাগরিতে তিনজন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুতির মানদণ্ড:

| ক্রম. নং | মানদণ্ড মোতাবেক প্রাপ্ত নম্বর | নম্বর |
|---|---|---|
| ১ | শিক্ষাগত যোগ্যতা (এসএসসি/দাখিল, এইচএসসি/আলিম, বিএ/ফাজিল, এমএ/কামিল) | ১০ |
| ২ | শিক্ষকতার অভিজ্ঞতা | ১০ |
| ৩ | কো-কারিকুলার বা এক্সট্রা-কারিকুলার বাস্তবায়ন | ১০ |
| ৪ | উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়ন | ১০ |
| ৫ | সততা, শৃঙ্খলাবোধ, দায়িত্ববোধ, সময়ানুবর্তিতা ও নিয়মানুবর্তিতা | ১০ |
| ৬ | পেশাগত/গবেষণামূলক/সৃজনশীল প্রকাশনা | ১০ |
| ৭ | শিক্ষার গুণগত মান ও পরিবেশ উন্নয়নে বাস্তবায়িত উদ্যোগ | ১০ |
| ৮ | শিক্ষণ-শিখন প্রক্রিয়ায় প্রযুক্তিগত জ্ঞানের প্রয়োগ | ১০ |
| ৯ | শিক্ষা প্রসারের ক্ষেত্রে ব্যক্তিগত অবদান | ১০ |
| ১০ | অন্যান্য বিশেষ যোগ্যতা /দক্ষতা (এমফিল, পিএইচডি, পোস্ট ডক্টরাল ইত্যাদি) | ১০ |

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা মন্ত্রণালয়
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
সেবা শাখা
www.shed.gov.bd

**বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নীতিমালা ২০২৫**

জাতি গঠনে শিক্ষকের অবদানের স্বীকৃতিস্বরূপ তাঁদের সম্মাননা জানানোর মাধ্যমে সকল শিক্ষককে উৎসাহিত ও অনুপ্রাণিত করার লক্ষ্যে সারা বিশ্বের সাথে সঙ্গতি রেখে প্রতি বছর ৫ অক্টোবর বিশ্ব শিক্ষক দিবস উদযাপনের জন্য নিম্নরূপ নীতিমালা প্রণয়ন করা হলো।

২.০ **শিরোনাম:** এই নীতিমালা "বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নীতিমালা ২০২৫" নামে অভিহিত হবে।

৩.০ **অধিক্ষেত্র:** দেশের সকল উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে এই নীতিমালার আলোকে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করা হবে। প্রাথমিক (সমপর্যায়), মাধ্যমিক (সমপর্যায়), কলেজ (সমপর্যায়), মাদ্রাসা, কারিগরি, সকল সাধারণ বিশ্ববিদ্যালয়, চিকিৎসা মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয়, প্রকৌশল বিশ্ববিদ্যালয়, বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় এবং কৃষি বিশ্ববিদ্যালয়সহ সকল শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে এ দিবসটি উদযাপন করা হবে। দিবসটি উদযাপনের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ কেন্দ্রীয় সমন্বয়কের দায়িত্ব পালন করবে।

৪.০ **উদ্দেশ্য:**

৪.১ সারাবিশ্বের সাথে একাত্ম হয়ে প্রতি বছর ইউনেস্কো কর্তৃক ঘোষিত প্রতিপাদ্য অনুযায়ী বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করা;
৪.২ জাতি গঠনে শিক্ষকের ভূমিকা ও অবদান সমাজের সকল স্তরের মানুষের কাছে পৌঁছে দেয়া;
৪.৩ গুণী শিক্ষক সম্মাননা প্রদানের মাধ্যমে সকল শিক্ষককে সম্মানিত করা।

৫.০ **গুণী শিক্ষক সম্মাননা:**

৫.১ নিম্নরূপ স্তর ও সংখ্যা অনুযায়ী গুণী শিক্ষক সম্মাননা প্রদান করা হবে:

| ক্র: নং | স্তর | পদক সংখ্যা |
|---|---|---|
| ০১ | প্রাথমিক (সাধারণ ও মাদ্রাসা, ১টি করে) | ২টি |
| ০২ | মাধ্যমিক (সাধারণ, কারিগরি ও মাদ্রাসা, ১টি করে) | ৩টি |
| ০৩ | কলেজ (সাধারণ, কারিগরি ও মাদ্রাসা, ১টি করে) | ৩টি |
| ০৪ | সাধারণ বিশ্ববিদ্যালয় | ১টি |
| ০৫ | চিকিৎসা মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয় | ১টি |
| ০৬ | কৃষি বিশ্ববিদ্যালয় | ১টি |
| ০৭ | প্রকৌশল বিশ্ববিদ্যালয় এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়সহ ক্রমিক ৪, ৫ ও ৬ ব্যতীত অন্যান্য বিশেষায়িত বিশ্ববিদ্যালয় | ১টি |
| | মোট | ১২টি |

৫.২ জাতীয় স্টিয়ারিং কমিটি চাইলে বিশেষ প্রয়োজনে সম্মাননার স্তর ও সংখ্যা হ্রাস/বৃদ্ধি করতে পারবে।
৫.৩ গুণী শিক্ষক প্রত্যেককে সম্মাননা হিসেবে ২ (দুই) লক্ষ টাকা, ক্রেস্ট এবং সম্মাননা সনদ প্রদান করা হবে।

৬.০ **বাস্তবায়ন পরিকল্পনা:**

৬.১ প্রতিবছর ৫ অক্টোবর সারাদেশে একযোগে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করা হবে।

৬.২ উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে গঠিত কমিটি উপজেলা, জেলা ও জাতীয় পর্যায়ে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন করবে।

৬.৩ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত সার্চ কমিটি স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট স্তরে অর্থাৎ প্রাথমিক, মাধ্যমিক, কলেজ, মাদ্রাসা ও কারিগরি স্তরের প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৬.৪ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক গঠিত সার্চ কমিটি সাধারণ বিশ্ববিদ্যালয়, প্রকৌশল এবং বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, চিকিৎসা মহাবিদ্যালয়/বিশ্ববিদ্যালয় এবং কৃষি বিশ্ববিদ্যালয়সমূহ থেকে প্রতিটি ক্যাটাগরিতে ০৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ করবে।

৬.৫ জাতীয় পর্যায়ে গঠিত স্টিয়ারিং কমিটি উল্লেখিত সার্চ কমিটিসমূহ থেকে প্রাপ্ত গুণী শিক্ষক সম্মাননার প্রস্তাব পর্যালোচনাপূর্বক প্রতিটি ক্যাটাগরিতে ১ জন গুণী শিক্ষক চূড়ান্ত করবে।

৬.৬ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর ও কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক গঠিত সার্চ কমিটি স্ব-স্ব দপ্তর সংশ্লিষ্ট স্তরের গুণী শিক্ষক নির্বাচনের ক্ষেত্রে প্রযোজ্য মানদণ্ড প্রস্তাব আকারে প্রেরণপূর্বক স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদণ্ড অনুসরণ করবে।

৭.০ বিশ্ব শিক্ষক দিবস আয়োজনের কমিটিসমূহ:

৭.১ উপজেলা পর্যায়ে শিক্ষক দিবস উদযাপন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ০১ | উপজেলা নির্বাহী অফিসার | আহবায়ক |
| ০২ | সংশ্লিষ্ট উপজেলার সকল পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানের ১ জন করে প্রতিনিধি (আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৩ | উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা | সদস্য |
| ০৪ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ০৫ | বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী ব্যক্তি ২ জন (১ জন পুরুষ ও ১ জন নারী, আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ০৬ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার | সদস্য সচিব |

কর্মপরিধি:

- উপজেলা পর্যায়ে ও উপজেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নিশ্চিতকরণ;
- উপজেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে বিশ্ব শিক্ষক দিবসের প্রতিপাদ্য অনুযায়ী র‍্যালি ও আলোচনা সভা আয়োজন;
- প্রয়োজনে সার্চ কমিটিকে গুণী শিক্ষক মনোনয়নে তথ্য দিয়ে সহায়তা প্রদান;
- কমিটি এ বিভাগকে অবহিত করে প্রয়োজনে স্থানীয় প্রথিতযশা শিক্ষাবিদগণ হতে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭.২ জেলা পর্যায়ে শিক্ষক দিবস উদযাপন কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | জেলা প্রশাসক | আহবায়ক |
| ২ | সিভিল সার্জন | সদস্য |
| ৩ | জেলা সদরে অবস্থিত সকল সরকারি কলেজের অধ্যক্ষ/প্রতিনিধি | সদস্য |
| ৪ | জেলা প্রাথমিক শিক্ষা অফিসার | সদস্য |
| ৫ | বেসরকারি কলেজের একজন অধ্যক্ষ, এবং আলিম/ফাজিল/কামিল মাদ্রাসার একজন অধ্যক্ষ (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৬ | মাধ্যমিক বিদ্যালয়ের ২ জন প্রধান শিক্ষক/শিক্ষিকা (সরকারি ও বেসরকারি বিদ্যালয় হতে ১ জন করে), দাখিল মাদ্রাসার সুপারিনটেনডেন্ট ও কারিগরি স্কুল এন্ড কলেজের অধ্যক্ষ ১ জন করে (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৭ | সরকারি প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ২ জন (আহবায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮ | জেলায় অবস্থিত বিশ্ববিদ্যালয়, মেডিকেল কলেজ, সরকারি পলিটেকনিক ইন্সটিটিউটসহ অন্যান্য পর্যায়ের শিক্ষা প্রতিষ্ঠানসমূহের প্রধান/প্রতিনিধি (প্রযোজ্য ক্ষেত্রে) | সদস্য |
| ৯ | বিদ্যোৎসাহী/শিক্ষানুরাগী ব্যক্তি ২ জন (১ জন পুরুষ ও ১ জন নারী, আহ্বায়ক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ১০ | জেলা শিক্ষা অফিসার | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- জেলা পর্যায়ে ও জেলার প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন নিশ্চিতকরণ;
- জেলা পর্যায়ে সংশ্লিষ্ট সকলের অংশগ্রহণে বিশ্ব শিক্ষক দিবসের প্রতিপাদ্য অনুযায়ী র‍্যালি ও আলোচনা সভা আয়োজন;
- প্রয়োজনে সার্চ কমিটিকে গুণী শিক্ষক মনোনয়নে তথ্য দিয়ে সহায়তা প্রদান;
- কমিটি এ বিভাগকে অবহিত করে প্রয়োজনে স্থানীয় প্রথিতযশা শিক্ষাবিদগণ হতে সদস্য কো-অপ্ট করতে পারবে।

৭.৩ জাতীয় স্টিয়ারিং কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | মন্ত্রণালয়ের দায়িত্বে নিয়োজিত মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় | প্রধান উপদেষ্টা |
| ২ | মাননীয় উপদেষ্টা, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৩ | মাননীয় উপদেষ্টা, কৃষি মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৪ | মাননীয় উপদেষ্টা, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | উপদেষ্টা |
| ৫ | সিনিয়র সচিব/সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সভাপতি |
| ৬ | সিনিয়র সচিব/সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৭ | সিনিয়র সচিব/সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ | সহ-সভাপতি |
| ৮ | সিনিয়র সচিব/সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ৯ | সিনিয়র সচিব/সচিব, কৃষি মন্ত্রণালয় | সহ-সভাপতি |
| ১০ | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন | সদস্য |
| ১১ | জাতীয় অধ্যাপকবৃন্দ | সদস্য |
| ১২ | উপাচার্য, ঢাকা বিশ্ববিদ্যালয়, ঢাকা | সদস্য |
| ১৩ | উপাচার্য, চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৪ | উপাচার্য, জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় | সদস্য |

| | | |
|---|---|---|
| ১৫ | উপাচার্য, রাজশাহী বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৬ | উপাচার্য, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৭ | উপাচার্য, বাংলাদেশ মেডিক্যাল বিশ্ববিদ্যালয় | সদস্য |
| ১৮ | উপাচার্য, বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, ময়মনসিংহ | সদস্য |
| ১৯ | বেসরকারি বিশ্ববিদ্যালয়ের ১ জন উপাচার্য (ইউজিসি কর্তৃক মনোনীত) | সদস্য |
| ২০ | কমিশনার, ঢাকা বিভাগ, ঢাকা | সদস্য |
| ২১ | প্রতিনিধি, মন্ত্রিপরিষদ বিভাগ (অতিরিক্ত সচিবের নিম্নে নয়) | সদস্য |
| ২২ | প্রতিনিধি, জনপ্রশাসন মন্ত্রণালয় (অতিরিক্ত সচিবের নিম্নে নয়) | সদস্য |
| ২৩ | অতিরিক্ত সচিব (বাজেট-১ অনুবিভাগ), অর্থ মন্ত্রণালয় | সদস্য |
| ২৪ | অতিরিক্ত সচিব, তথ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা | সদস্য |
| ২৫ | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ২৬ | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ২৭ | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ২৮ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ২৯ | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৩০ | মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ঢাকা | সদস্য |
| ৩১ | মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর | সদস্য |
| ৩২ | মহাপরিচালক, বিটিভি, ঢাকা | সদস্য |
| ৩৩ | মহাপরিচালক, বাংলাদেশ বেতার | সদস্য |
| ৩৪ | ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন, ঢাকা | সদস্য |
| ৩৫ | অধ্যক্ষ, ঢাকা কলেজ | সদস্য |
| ৩৬ | অধ্যক্ষ, ঢাকা মেডিকেল কলেজ, ঢাকা | সদস্য |
| ৩৭ | অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই আলিয়া, ঢাকা | সদস্য |
| ৩৮ | প্রধান শিক্ষক, ঢাকা কলেজিয়েট স্কুল, ঢাকা | সদস্য |
| ৩৯ | অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট, ঢাকা | সদস্য |
| ৪০ | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা | সদস্য |
| ৪১ | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- জাতীয় পর্যায়ে বিশ্ব শিক্ষক দিবস উদযাপন;
- বিশ্ব শিক্ষক দিবসের জন্য বাজেট বরাদ্দ অনুমোদন;
- গুণী শিক্ষক বাছাই এর ক্ষেত্রে সংশ্লিষ্ট সকল সার্চ কমিটি কর্তৃক প্রস্তাবিত মানদন্ড পর্যালোচনাপূর্বক অনুমোদন প্রদান;
- সার্চ কমিটি কর্তৃক প্রেরিত গুণী শিক্ষকের প্যানেল পর্যালোচনাপূর্বক প্রতি ক্যাটাগরিতে ১ জন গুণী শিক্ষকের নাম চূড়ান্ত অনুমোদন প্রদান;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৪ বাজেট কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| ২ | যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | যুগ্মসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৪ | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশনের প্রতিনিধি (পরিচালকের নিম্নে নয়) | সদস্য |
| ৫ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৬ | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৭ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৮ | পরিচালক (অর্থ ও ক্রয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৯ | উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- বিশ্ব শিক্ষক দিবসের জন্য প্রয়োজনীয় বাজেট এর খসড়া স্টিয়ারিং কমিটিতে অনুমোদনের জন্য উপস্থাপন;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৫ প্রচার কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | অতিরিক্ত সচিব (বিশ্ববিদ্যালয়), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | আহবায়ক |
| ২ | যুগ্মসচিব (প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ৩ | ডেপুটি সেক্রেটারি জেনারেল, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন | সদস্য |

| | | |
|---|---|---|
| ৪ | পরিচালক (মনিটরিং এন্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-৩, বেসরকারি মাধ্যমিক-৩, সরকারি কলেজ-১, সরকারি সাধারণ বিশ্ববিদ্যালয় ও সেবা শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৬ | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন এর প্রতিনিধি | সদস্য |
| ৭ | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৮ | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ৯ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১০ | মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর এর প্রতিনিধি | সদস্য |
| ১১ | মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন এর প্রতিনিধি | সদস্য |
| ১২ | মহাপরিচালক, বাংলাদেশ বেতার এর প্রতিনিধি | সদস্য |
| ১৩ | চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা এর প্রতিনিধি | সদস্য |
| ১৪ | উপ-প্রধান/সিনিয়র তথ্য কর্মকর্তা, শিক্ষা মন্ত্রণালয় | সদস্য |
| ১৫ | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (প্রশাসন ও সংস্থাপন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- বিশ্ব শিক্ষক দিবসের জন্য প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৬ প্রাথমিক স্তরে গুণী শিক্ষক বাছাইয়ের জন্য সার্চ কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ২. | প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৩. | অতিরিক্ত মহাপরিচালক (সকল) প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৪. | উপসচিব/সিনিয়র সহকারী সচিব (সরকারি মাধ্যমিক-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৫. | পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৬. | পরিচালক (প্রশাসন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য |
| ৭. | প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক/শিক্ষিকা (২ জন মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮. | পরিচালক (পলিসি এন্ড অপারেশন), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদন্ড অনুযায়ী প্রাথমিক (সাধারণ) স্তরের ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৭ মাধ্যমিক ও কলেজ স্তরে গুণী শিক্ষক বাছাইয়ের জন্য সার্চ কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১. | মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২. | যুগ্মসচিব (কলেজ-১ অধিশাখা)/উপসচিব (কলেজ-২ শাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৩. | পরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪. | পরিচালক (প্রশিক্ষণ), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৫. | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬. | পরিচালক (ঢাকা অঞ্চল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭. | অধ্যক্ষ, ঢাকা কলেজ | সদস্য |
| ৮. | অধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ | সদস্য |
| ৯. | উপসচিব, সরকারি মাধ্যমিক-১ শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ১০. | উপপরিচালক (কলেজ-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১১. | উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১২. | প্রধান শিক্ষক, গভর্নমেন্ট ল্যাবরেটরি স্কুল, ঢাকা | সদস্য |
| ১৩. | পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদন্ড অনুযায়ী মাধ্যমিক (সাধারণ) ও কলেজ (সাধারণ) স্তরের প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৮ মাদ্রাসা স্তরে গুণী শিক্ষক বাছাইয়ের জন্য সার্চ কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা | আহবায়ক |
| ২ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৩ | পরিচালক (প্রশিক্ষণ ও উন্নয়ন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৪ | উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৫ | অধ্যক্ষ, সরকারি মাদ্রাসা-ই-আলিয়া, ঢাকা | সদস্য |
| ৬ | অধ্যক্ষ, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষক প্রশিক্ষণ ইনস্টিটিউট (বিএমটিটিআই) | সদস্য |
| ৭ | অধ্যক্ষ, বেসরকারি মাদ্রাসা (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৮ | সুপারিনটেনডেন্ট, বেসরকারি মাদ্রাসা (মহাপরিচালক কর্তৃক মনোনীত) | সদস্য |
| ৯ | উপপরিচালক (প্রশাসন), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ১০ | পরিচালক (প্রশাসন ও অর্থ), মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদণ্ড অনুযায়ী প্রাথমিক (মাদ্রাসা), মাধ্যমিক (মাদ্রাসা) ও কলেজ (মাদ্রাসা) স্তরের প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.৯ কারিগরি স্তরে গুণী শিক্ষক বাছাইয়ের জন্য সার্চ কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর | আহবায়ক |
| ২ | কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৩ | উপসচিব (উন্নয়ন-১), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৪ | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (উপসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৫ | পরিচালক (পিআইডব্লিউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৬ | পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৭ | পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৮ | পরিচালক (পিআইইউ), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য |
| ৯ | পরিচালক (আঞ্চলিক পরিচালকের কার্যালয়), ঢাকা বিভাগ | সদস্য |
| ১০ | অধ্যক্ষ, ঢাকা পলিটেকনিক ইনস্টিটিউট | সদস্য |
| ১১ | অধ্যক্ষ, ঢাকা মহিলা পলিটেকনিক ইনস্টিটিউট | সদস্য |
| ১২ | অধ্যক্ষ, ধামরাই সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | সদস্য |
| ১৩ | অধ্যক্ষ, নারায়ণগঞ্জ সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ | সদস্য |
| ১৪ | পরিচালক (প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদণ্ড অনুযায়ী মাধ্যমিক (কারিগরি) ও কলেজ (কারিগরি) স্তরের প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৭.১০ বিশ্ববিদ্যালয় স্তরে গুণী শিক্ষক বাছাইয়ের জন্য সার্চ কমিটি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

| | | |
|---|---|---|
| ১ | চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা | আহবায়ক |
| ২ | সদস্য, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা | সদস্য |
| ৩ | বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন কর্তৃক মনোনীত ৫ জন শিক্ষাবিদ | সদস্য |
| ৪ | যুগ্মসচিব, বিশ্ববিদ্যালয়-২ অধিশাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ | সদস্য |
| ৫ | স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৬ | কৃষি মন্ত্রণালয়ের প্রতিনিধি (যুগ্মসচিবের নিম্নে নয়) | সদস্য |
| ৭ | সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, ঢাকা। | সদস্য |
| ৮ | পরিচালক, পাবলিক বিশ্ববিদ্যালয় ম্যানেজমেন্ট বিভাগ, ইউজিসি, ঢাকা। | সদস্য-সচিব |

কর্মপরিধি:

- স্টিয়ারিং কমিটি কর্তৃক অনুমোদিত মানদণ্ড অনুযায়ী অনুচ্ছেদ ৫.১ এ বর্ণিত বিশ্ববিদ্যালয় স্তরসমূহের প্রতিটি ক্যাটাগরিতে ৩ জন গুণী শিক্ষকের প্যানেল প্রস্তুত করে জাতীয় স্টিয়ারিং কমিটির নিকট চূড়ান্ত অনুমোদনের জন্য প্রেরণ;
- কমিটি প্রয়োজনে কোনো ব্যক্তিকে সদস্য হিসেবে কো-অপ্ট করতে পারবে।

৮.০ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর থেকে বাজেট প্রাপ্তি সাপেক্ষে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগের প্রশাসন অনুবিভাগ হতে এ কার্য সম্পাদন করা হবে। অনুমোদিত নীতিমালা সংশ্লিষ্ট মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশ, মন্ত্রণালয়ের আওতাধীন দপ্তর-সংস্থা, বিভাগীয় কমিশনার, জেলা প্রশাসক ও উপজেলা নির্বাহী অফিসারের নিকট প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হবে।

৮.১ সারাদেশে বিশ্ব শিক্ষক দিবস পালনের জন্য গঠিত বিভিন্ন কমিটির সদস্য-সচিব আয়ন-ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবে।

৯.০ **তহবিল ব্যবস্থাপনা:**

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সংশ্লিষ্ট খাত থেকে আর্থিক বিধি মোতাবেক বিশ্ব শিক্ষক দিবস পালনের জন্য প্রয়োজনীয় ব্যয় নির্বাহ করা হবে।

১০.০ প্রয়োজনে এই নীতিমালার কোনো অংশ সংশোধন, সংযোজন বা বিয়োজন করা যাবে।

স্বাক্ষরিত/-
২১/০৮/২০২৫
(নুজহাত ইয়াসমিন)
অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়

নম্বর-৩৭.০০.০০০০.০৬২.০৪.০০১.২৩ (অংশ-১)-২৭৬ তারিখ: ০৬ ভাদ্র ১৪৩২ / ২১ আগস্ট ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১) মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২) সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩) সিনিয়র সচিব, বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৪) সচিব, তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৫) সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৬) সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭) সচিব, কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৮) সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৯) সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১০) অতিরিক্ত সচিব (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১১) মহাপরিচালক, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, মিরপুর, ঢাকা।
১২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।
১৩) মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, নিউ বেইলি রোড, ঢাকা।
১৪) মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা, আগারগাঁও, ঢাকা।
১৫) মহাপরিচালক, জাতীয় শিক্ষা ব্যবস্থাপনা একাডেমি (নায়েম), ধানমন্ডি, ঢাকা।
১৬) মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৭) মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
১৮) যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
১৯) সচিব, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
২০) উপসচিব (বাজেট), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২১) পরিচালক (কলেজ ও প্রশাসন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা।

অনুলিপি (অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. চেয়ারম্যান, বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরি কমিশন, আগারগাঁও, ঢাকা।
২. উপদেষ্টার একান্ত সচিব, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা।
৪. সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, ঢাকা (নীতিমালাটি এ বিভাগের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি।

২১/০৮/২৫

(জাবের মো: সোয়াইব)
সিনিয়র সহকারী সচিব (অতিরিক্ত দায়িত্ব)